মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস পালিত

“আজকের পদক্ষেপ, আগামীর ন্যায়বিচার সুরক্ষিত হোক নারী ও কন্যার অধিকার” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মেহেরপুরে আন্তর্জাতিক নারী দিবস ২০২৬ পালিত হয়েছে।

রবিবার সকালে জেলা প্রশাসন, মহিলা বিষয়ক অধিদপ্তর ও জাতীয় মহিলা সংস্থার আয়োজনে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভার আগে জেলা প্রশাসকের কার্যালয় চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

মহিলা বিষয়ক অধিদপ্তরের উপ-পরিচালক (অ.দা.) মোছাঃ নাসিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক ড. সৈয়দ এনামুল কবির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পুলিশ সুপার উজ্জ্বল কুমার রায়।
এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা (ইউএনও) খাইরুল ইসলাম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সঞ্জীব মৃধা, জেলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ. জে. এম. সিরাজুম মুনির, জেলা মহিলা দলের সভাপতি সাইয়েদাতুন নেসা নয়নসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সুধীজন।

মুজিবনগরে বিশিষ্ট ব্যক্তিবর্গের সম্মানার্থে জামায়াতের ইফতার মাহফিল

মুজিবনগরে রাজনৈতিক, প্রশাসনিক ও সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গের সম্মানার্থে বাংলাদেশ জামায়াতে ইসলামী মুজিবনগর উপজেলা শাখার উদ্যোগে ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

শনিবার মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সের পর্যটন মোটেলে এই ইফতার মাহফিল অনুষ্ঠিত হয়।

ইফতার মাহফিলে বাংলাদেশ জামায়াতে ইসলামীর মুজিবনগর উপজেলা শাখার সেক্রেটারি খাইরুল বাশারের সঞ্চালনায় এবং উপজেলা জামায়াতের আমির খান জাহান আলীর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের সংসদ সদস্য ও জেলা জামায়াতের আমির তাজউদ্দিন খান।

এ সময় উপস্থিত ছিলেন জেলা জামায়াতের বাইতুল মাল সম্পাদক জারজিস হোসাইন এবং উপজেলা জামায়াতের নায়েবে আমির ফিরাতুল ইসলাম নাঈম।

ইফতার মাহফিলে উপজেলার বিভিন্ন রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, ব্যবসায়ী, সমাজের বিশিষ্ট ব্যক্তিবর্গ, সাংবাদিকসহ উপজেলা, ইউনিয়ন ও ওয়ার্ড জামায়াতের বিভিন্ন স্তরের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দর্শনায় কৃষকদের মাঝে বিনা ধান-১৪ ও বিনা তিল-২ বীজ বিতরণ

চুয়াডাঙ্গার দর্শনায় বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট (বিনা) এর সহায়তায় কৃষকদের মাঝে বিনা ধান-১৪ ও বিনা তিল-২ বীজ বিনামূল্যে বিতরণ করা হয়েছে। শনিবার বিকাল ৫টায় দর্শনার পরানপুরে অলিফ ট্রেডার্সের সামনে ৩০ জন কৃষকের মধ্যে এসব বীজ বিতরণ করা হয়।

বীজ বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষক উন্নয়ন সংগঠনের দর্শনা শাখার সভাপতি আমির হোসেন। প্রধান অতিথি হিসেবে বীজ বিতরণ করেন বিনা বীজ গবেষণার সঙ্গে সম্পৃক্ত কৃষক এবং জীবননগর কৃষি সম্প্রসারণ বিভাগের এসএমইসহ একাধিক বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের পুরস্কারপ্রাপ্ত কৃষক রাজেদুল ইসলাম।

এ সময় উপস্থিত ছিলেন কৃষক উন্নয়ন সংগঠনের দর্শনা শাখার সাধারণ

সম্পাদক হামিদুল ইসলাম। এছাড়া আরও উপস্থিত ছিলেন সংগঠনের অর্থ সম্পাদক তোজাম মালিথা, সহ-সভাপতি আলাউদ্দিন, সহ-সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক রানা, কৃষক প্রতিনিধি মহিদুল ইসলাম, প্রচার ও যোগাযোগ সম্পাদক ইন্তাজ আলী এবং দপ্তর সম্পাদক বখতিয়ার হোসেন।

অনুষ্ঠানটি পরিচালনা করেন সাংবাদিক আওয়াল হোসেন।

মুজিবনগরে এতিম শিশুদের নিয়ে স্বেচ্ছাসেবক দলের ইফতার মাহফিল

মুজিবনগরে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে অবস্থিত সরকারি শিশু পরিবারের এতিম শিশুদের নিয়ে ইফতার মাহফিল করেছে মুজিবনগর উপজেলা স্বেচ্ছাসেবক দল।

শনিবার আয়োজিত এই ইফতার মাহফিলে মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক ইকবাল হাসানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমল হোসেন মিন্টু। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের যুগ্ম আহ্বায়ক সালাউদ্দিন প্রিন্স।

এছাড়া উপস্থিত ছিলেন সাবেক ছাত্রদল নেতা শামসুল আল মামুন আনোয়ার ও এরশাদ হোসেন।

কোটচাঁদপুরে ট্র্যাক্টরের ধাক্কায় মোটরসাইকেল আরোহী আহত

বিদ্যুতের পিলারভর্তি ট্র্যাক্টরের ধাক্কায় গুরুতর আহত হয়েছেন মোটরসাইকেল আরোহী সাইদুল ইসলাম (৩২)। শনিবার দুপুরে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুর ফায়ার সার্ভিসের সামনের সড়কে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের সদস্যরা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। এ সময় স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক তাকে দেখে যশোর হাসপাতালে রেফার করেছেন।

প্রত্যক্ষদর্শী কাকিলা দাড়ি গ্রামের সেলিম হোসেন বলেন, “আমি আলমসাধু নিয়ে যাচ্ছিলাম। দেখলাম বিদ্যুতের পিলার নিয়ে ট্র্যাক্টরটি খালিশপুরের দিকে যাচ্ছিল। আর একই দিকে যাচ্ছিল মোটরসাইকেলটিও। হঠাৎই দুর্ঘটনাটি ঘটে। এরপর কাছে এসে দেখি মোটরসাইকেল আরোহী ট্র্যাক্টরের নিচে পড়ে আছে। তবে ট্র্যাক্টরের কাউকে দেখা যায়নি।”

ফায়ার সার্ভিসের লিডার নুর কুতুব উদ্দিন জানান, দুপুর ১টা ২০ মিনিটে খবর পেয়ে তারা ঘটনাস্থলে গিয়ে তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। মোটরসাইকেল আরোহী সাইদুল ইসলাম (৩২) বরিশালের নুর ইসলামের ছেলে। চাকরির সূত্রে তিনি এ এলাকায় থাকতেন বলে জানা গেছে। বর্তমানে তিনি যশোর হাসপাতালে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন।

এদিকে কোটচাঁদপুর থানা পুলিশ দুর্ঘটনায় পতিত মোটরসাইকেল ও ট্র্যাক্টর উদ্ধার করে থানা হেফাজতে নিয়েছে।

কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আসাদুজ্জামান বলেন, খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে যায়। এরপর দুর্ঘটনায় পতিত যানবাহন উদ্ধার করা হয়েছে। তবে এখনও পর্যন্ত কেউ কোনো অভিযোগ করেনি।

কুষ্টিয়ায় অতিরিক্ত দামে জ্বালানি বিক্রির অভিযোগে দুই প্রতিষ্ঠানকে জরিমানা

জ্বালানি তেলের সংকট ও সরবরাহ অনিশ্চয়তার খবরে কুষ্টিয়ার বিভিন্ন তেল পাম্পে ভিড় বেড়েছে। মোটরসাইকেল ও অন্যান্য যানবাহন নিয়ে চালকদের দীর্ঘ লাইনে দাঁড়িয়ে জ্বালানি নিতে দেখা গেছে। অনেক ক্ষেত্রে মোটরসাইকেলে মাত্র ২০০ টাকার জ্বালানি নেওয়ারও সীমাবদ্ধতা দেখা যাচ্ছে।

এদিকে নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে পেট্রোল বিক্রির অভিযোগে কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলায় দুই প্রতিষ্ঠানকে মোট ১৫ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

অভিযান সূত্রে জানা যায়, ভেড়ামারা উপজেলার নতুনহাট এলাকার মেসার্স নয়ন ট্রেডার্স নামের একটি প্রতিষ্ঠান নির্ধারিত মূল্যের চেয়ে বেশি দামে পেট্রোল বিক্রি করছিল। সেখানে প্রতি লিটার পেট্রোল ১৫০ টাকায় বিক্রির অভিযোগ পাওয়া যায়। অভিযোগের ভিত্তিতে ঘটনাস্থলে গিয়ে তাৎক্ষণিক তদন্ত করে সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ডা. গাজী আশিক বাহার প্রমাণ পান। এ সময় প্রতিষ্ঠানের মালিক মো. জমসেদ অভিযোগের সত্যতা স্বীকার করলে তাকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

অন্যদিকে ভেড়ামারা পৌরসভার একটি স্বনামধন্য তেল পাম্প মেসার্স এম এ খালেক ফিলিং স্টেশনেও অতিরিক্ত অর্থ নেওয়ার অভিযোগ ওঠে। অভিযোগকারী তাওসিফ জানান, তিনি ৪৫০ টাকার জ্বালানি নিলেও পাম্প কর্তৃপক্ষ তার কাছ থেকে ৫০০ টাকা রাখে। এ বিষয়ে প্রতিবাদ করেও কোনো সমাধান না পেয়ে তিনি বিষয়টি সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটকে অবহিত করেন। পরে তাৎক্ষণিক অভিযান চালিয়ে অভিযোগের সত্যতা পাওয়া গেলে প্রতিষ্ঠানটিকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। পাম্প কর্তৃপক্ষ এ সময় তাদের ভুল স্বীকার করেন।

ভ্রাম্যমাণ আদালতের অভিযানে এ সময় দফাদার ফিলিং স্টেশন, মেসার্স মতিয়ার ফিলিং স্টেশন, মেসার্স সাহার ফিলিং স্টেশন, মিজান ফিলিং স্টেশন এবং এম এ খালেক ফিলিং স্টেশনসহ বেশ কয়েকটি পাম্প পরিদর্শন করা হয়। পাশাপাশি ছোট ছোট যেসব দোকানে পেট্রোল, অকটেন ও ডিজেল বিক্রি করা হয়, সেগুলোতেও নজরদারি চালানো হয়।

এ বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ডা. গাজী আশিক বাহার বলেন, “নির্ধারিত মূল্যের বেশি দামে জ্বালানি বিক্রির বিষয়ে আমরা কঠোর অবস্থানে আছি। সঠিক তথ্য ও প্রমাণ পেলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে। এ ক্ষেত্রে সাধারণ মানুষকে তথ্য ও প্রমাণ দিয়ে প্রশাসনকে সহযোগিতা করার আহ্বান জানাই।”

কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক জাহাঙ্গীর আলম বলেন, জ্বালানি তেল বিক্রিতে অনিয়ম রোধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

কুষ্টিয়ায় নদীতে গোসল করতে গিয়ে দুই শিশু নিখোঁজ

কুষ্টিয়ার খোকসা উপজেলার গড়াই নদীতে গোসল করতে গিয়ে দুই কন্যাশিশু নিখোঁজ হওয়ার ঘটনা ঘটেছে। এ ঘটনায় এলাকায় উদ্বেগ ও উৎকণ্ঠা ছড়িয়ে পড়েছে। নিখোঁজ শিশুদের উদ্ধারে ফায়ার সার্ভিস ও স্থানীয়দের সমন্বয়ে উদ্ধার তৎপরতা চলছে।

শনিবার দুপুরের দিকে খোকসা উপজেলার গড়াই নদীর একটি ঘাটে এ ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, চারজন শিশু একসঙ্গে নদীতে গোসল করতে নামে। একপর্যায়ে পানির স্রোত ও গভীরতার কারণে তাদের মধ্যে দুজন তলিয়ে গিয়ে নিখোঁজ হয়ে যায়।

নিখোঁজ দুই শিশুর মধ্যে একজন ফারুকের মেয়ে তাইবা (৬) এবং অপরজন সোহেলের মেয়ে সুরাইয়া (৭)। তাদের বাড়ি খোকসা উপজেলার ওসমানপুর চরপাড়া আদর্শ গ্রামে।

ঘটনার পরপরই স্থানীয়রা নদীতে নেমে খোঁজাখুঁজি শুরু করেন। পরে খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান শুরু করে। স্থানীয় প্রশাসন ও এলাকাবাসীও উদ্ধারকাজে সহায়তা করছেন।

শেষ খবর পাওয়া পর্যন্ত শিশু দুটিকে উদ্ধার করা সম্ভব হয়নি এবং ফায়ার সার্ভিসের অভিযান অব্যাহত রয়েছে।

মহেশপুরে বিএনপির কার্যালয়ে আগুন ও ককটেল বিস্ফোরণ

ঝিনাইদহের মহেশপুরে দুর্বৃত্তদের দেওয়া আগুনে পুড়ে গেছে বিএনপির কার্যালয়। গত শুক্রবার রাতে উপজেলার মান্দারবাড়িয়া ইউনিয়নের শ্রীরামপুর গ্রামে এ ঘটনা ঘটে। আগুনে পুড়ে গেছে অফিসে থাকা চেয়ার, টেবিলসহ আসবাবপত্র।

স্থানীয়রা জানায়, শুক্রবার দিবাগত রাত ১টার দিকে কয়েকজন দুর্বৃত্ত ওয়ার্ড বিএনপির কার্যালয়ে পেট্রোল ঢেলে আগুন ধরিয়ে দেয়।

মুহূর্তে আগুনে পুড়ে যায় অফিসে থাকা সকল আসবাবপত্র ও দলীয় প্রধানের ছবি। সে সময় বিস্ফোরণ করা হয় দুটি ককটেল। টের পেয়ে স্থানীয়রা ছুটে এসে আগুন নিয়ন্ত্রণে আনে।

মহেশপুর থানা বিএনপির ক্রীড়া সম্পাদক রফিকুল ইসলাম জানান, গত বুধবার ফেসবুকে তারেক রহমানকে নিয়ে পোস্ট দেওয়াকে কেন্দ্র করে স্থানীয় যুবক মহিরুদ্দিনের সঙ্গে বিএনপি সদস্য হামিদুল ইসলামের বাকবিতণ্ডা হয়। বিষয়টি ওইদিনই সমাধান করে দেন স্থানীয়রা। ওই ঘটনার জেরে বিএনপি কার্যালয়ে আগুনের ঘটনা ঘটতে পারে বলে ধারণা করছেন স্থানীয় বিএনপির কর্মীরা।

মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান বলেন, ঘটনাস্থল পরিদর্শন করেছি। তদন্ত করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা

হবে।

লাইফ কেয়ার মেডিকেল সেন্টারের ২ লাখ টাকা জরিমানা

চুয়াডাঙ্গার অবহেলিত দামুড়হুদায় মানহীন ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের ছড়াছড়ি রয়েছে। উপজেলার একাধিক ইউনিয়নে সরকারের স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা উপেক্ষা করেই অবৈধভাবে গড়ে উঠেছে অসংখ্য ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার।

এরই ধারাবাহিকতায় গতকাল শনিবার বেলা ১১টা থেকে সাড়ে ৩টা পর্যন্ত উপজেলার বিভিন্ন স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেছে উপজেলা প্রশাসন। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সহযোগিতায় কার্পাসডাঙ্গা সীমান্তবর্তী ইউনিয়নসহ একাধিক স্থানে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শাহিন আলম।

অভিযানকালে কার্পাসডাঙ্গায় অবস্থিত লাইফ কেয়ার মেডিকেল সেন্টার নামক একটি বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারে অভিযান পরিচালনা করা হয়। এ সময় ওই ক্লিনিকে প্রয়োজনীয় কাগজপত্রের ঘাটতি, মানহীন সেবা, মেয়াদোত্তীর্ণ ওষুধ সংরক্ষণ, অপারেশন থিয়েটারের অপব্যবস্থাপনাসহ একাধিক অভিযোগের প্রমাণ পাওয়া যায়। এসব অপরাধে প্রতিষ্ঠানটির অপারেশন থিয়েটার (ওটি) সিলগালা করে ২ লাখ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, গতকাল শনিবার বেলা ১১টা ৩০ মিনিট থেকে দুপুর ৩টা ৩০ মিনিট পর্যন্ত উপজেলার কার্পাসডাঙ্গা, দামুড়হুদা সদর ইউনিয়ন ও দর্শনা পৌরসভা এলাকায় মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। অভিযান পরিচালনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার সহযোগিতায় কার্পাসডাঙ্গাস্থ বেসরকারি হাসপাতাল লাইফ কেয়ার জেনারেল হাসপাতাল (লাইফ কেয়ার মেডিকেল সেন্টার) এ জনস্বার্থে অভিযান চালানো হয়।

এ সময় স্বাস্থ্য বিভাগের নির্দেশনা উপেক্ষা করে প্রয়োজনীয় কাগজপত্র ছাড়াই কার্যক্রম পরিচালনা, মেয়াদোত্তীর্ণ ওষুধ সংরক্ষণসহ বিভিন্ন অভিযোগের সত্যতা পাওয়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ অনুযায়ী ২,০০,০০০ (দুই লাখ) টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। একই সঙ্গে ক্লিনিকটির অপারেশন থিয়েটার (ওটি) কার্যক্রম বন্ধ রাখার নির্দেশনা দিয়ে তা সিলগালা করেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক সহকারী কমিশনার (ভূমি) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো. শাহিন আলম।

এ ছাড়া উপজেলার বিভিন্ন পেট্রোল পাম্পে জ্বালানি তেলের সরবরাহ মনিটরিং করা হয়। এ সময় খোলা বাজারে প্রকাশ্যে তেল বিক্রির অপরাধে একজনকে ৫০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়।

অভিযান পরিচালনাকালে সহযোগিতা করেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মশিউর রহমান, হেলথ ইন্সপেক্টর (স্বাস্থ্য পরিদর্শক) মো. নিয়ামুল আলী, সহকারী কমিশনার (ভূমি) কার্যালয়ের পেশকার মো. আনিসুর রহমান আনিসসহ দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি টিম।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক জানান, জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

উল্লেখ্য, সরকারের নির্দেশনা ও আইন অমান্য করে রোগী ও তাদের স্বজনদের সঙ্গে প্রতারণার অভিযোগ রয়েছে উপজেলার বেশিরভাগ বেসরকারি ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টারের বিরুদ্ধে। অভিযোগ রয়েছে, অনেক প্রতিষ্ঠান অদক্ষ লোক দিয়ে গুরুত্বপূর্ণ স্বাস্থ্যসেবা পরিচালনা করছে। বেশিরভাগ ক্লিনিক ভাড়া করা স্থানে নিয়ম না মেনে গড়ে তোলা হয়েছে। কাগজে-কলমে থাকলেও অনেক ক্লিনিকে নেই ডিউটি ডাক্তার, বর্জ্য ব্যবস্থাপনা, নারকোটিক পারমিট ও পরিবেশ ছাড়পত্র। প্রায় ৮০-৯০ শতাংশ ডায়াগনস্টিক সেন্টারের কোনো অনুমতিও নেই বলে জানা গেছে।

উপজেলা প্রশাসনের এ ধরনের অভিযানে সন্তোষ প্রকাশ করে সচেতন মহল ভ্রাম্যমাণ আদালতের বিচারক মো. শাহিন আলমকে ধন্যবাদ জানিয়েছেন।

কুষ্টিয়ায় তিন প্রতিষ্ঠানকে ৪০ হাজার টাকা জরিমানা

অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য ও ইফতার সামগ্রী বিক্রি এবং সংরক্ষণের অভিযোগে কুষ্টিয়া শহরে তিনটি প্রতিষ্ঠানকে মোট ৪০ হাজার টাকা জরিমানা করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।

শনিবার কুষ্টিয়া সদর উপজেলার এন.এস. রোড বাজার এলাকায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়া জেলা কার্যালয়ের উদ্যোগে এ তদারকিমূলক অভিযান পরিচালনা করা হয়।

অভিযানকালে কাপড়ের দোকান, জুতা ও স্যান্ডেলের দোকান, কনফেকশনারি এবং ইফতার সামগ্রী বিক্রির দোকানগুলোতে মনিটরিং করা হয়। এ সময় অস্বাস্থ্যকর ও অনিরাপদ পরিবেশে খাদ্য ও ইফতার সামগ্রী প্রস্তুত, সংরক্ষণ ও বিক্রির প্রমাণ পাওয়ায় তিনটি প্রতিষ্ঠানকে জরিমানা করা হয়।

এর মধ্যে জমজম সুইটস অ্যান্ড কনফেকশনারিকে ২০ হাজার টাকা, নিউ শাহিন বেকারিকে ১০ হাজার টাকা এবং শাহিন বেকারি অ্যান্ড কনফেকশনারিকে ১০ হাজার টাকা জরিমানা আরোপ ও তাৎক্ষণিকভাবে আদায় করা হয়।

অভিযানে নেতৃত্ব দেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, কুষ্টিয়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মো. মাসুম আলী।

তিনি জানান, জনস্বার্থে বাজার তদারকি জোরদার করা হয়েছে। বিশেষ করে রমজান মাসে ইফতার সামগ্রী বিক্রির ক্ষেত্রে স্বাস্থ্যবিধি মানা হচ্ছে কি না, তা নিয়মিত পর্যবেক্ষণ করা হচ্ছে। জনস্বার্থে এ ধরনের অভিযান নিয়মিতভাবে পরিচালনা করা হবে এবং কোনো অনিয়মের প্রমাণ পাওয়া গেলে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে বলেও জানান তিনি।

অভিযানে সহযোগিতা করেন কুষ্টিয়া সদর উপজেলার স্যানিটারি ইন্সপেক্টর ও দায়িত্বপ্রাপ্ত উপজেলা নিরাপদ খাদ্য পরিদর্শক। এছাড়া আইনশৃঙ্খলা রক্ষায় জেলা পুলিশের একটি চৌকস টিম দায়িত্ব পালন করে।